গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
মাঠ প্রশাসন-১
www.minland.gov.bd

নম্বর-৩১.০০.০০০০.০৪৬.৬৮.০১৭.১৬.৯৪৩ (১১০০)

তারিখ: ১৭ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ
২ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

## পরিপত্র

**বিষয়: রাজস্ব আপিল/মিস কেস দ্রুত নিষ্পত্তিকরণের লক্ষ্যে যথাযথ উদ্যোগ গ্রহণ সংক্রান্ত।**

রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ (The State Acquisition and Tenancy Act, 1950)-এর ১৪৩ ধারা এবং তৎসহ ১১৬/১১৭ ধারার ক্ষমতাবলে কালেক্টর/রাজস্ব অফিসারের ওপর নামজারি, জমাভাগ ও জমা একত্রীকরণের ক্ষমতা অর্পণ করা হয়েছে। একই আইনের ১৫০ ধারার ক্ষমতাবলে রাজস্ব অফিসারের তার নিজের বা পূর্বতন কর্মকর্তার সিদ্ধান্ত রিভিউ করার বিধান রয়েছে।

০২। সাধারণত নামজারিসহ ভূমি সেবা সংক্রান্ত আদেশের ফলে সংক্ষুব্ধ ব্যক্তি কর্তৃক সহকারী কমিশনার (ভূমি) বরাবর রিভিউ অথবা অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) বরাবর আপিল/মিস কেস দায়ের করা হয়ে থাকে। কর্মকর্তার স্বল্পতার কারণে কোন কোন জেলায় অন্যান্য অতিরিক্ত জেলা প্রশাসকগণও আপিল মোকদ্দমার শুনানি করে থাকেন। মূলত দ্রুত সেবা প্রদান এবং দ্রুত মামলা নিষ্পত্তির লক্ষ্যে এই ব্যবস্থা করা হয়েছে। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, অধিকাংশ ক্ষেত্রে অন্যান্য প্রশাসনিক ব্যস্ততার বিভিন্ন কারণ উল্লেখ করে বার বার তারিখ দেওয়া হয়। এতে মিস কেস/আপিল মোকদ্দমাসমূহে দীর্ঘসূত্রতার কারণে সংশ্লিষ্ট জনগণ কাঙ্খিত সেবা পাচ্ছেন না। এ বিষয়ে ভূমি মন্ত্রণালয়ে প্রায়শ অভিযোগ আসছে যা অনভিপ্রেত। মন্ত্রিপরিষদ বিভাগ এবং ভূমি মন্ত্রণালয় থেকে ইতোমধ্যে জারিকৃত পরিপত্র অনুসারে ঊর্ধ্বতন কর্মকর্তা কর্তৃক অধস্তন দপ্তর নিয়মিতভাবে পরিদর্শন/দর্শন করার সময় এ বিষয়ে বিশেষভাবে নজর দেয়া হলে জনগণের প্রতি ইপ্সিত সেবা প্রদান নিশ্চিত করা সম্ভব হবে মর্মে প্রতীয়মান হচ্ছে। তাছাড়া, ইতোপূর্বে ভূমি মন্ত্রণালয়ের ১১.০২.২০১৯ তারিখের ৩১. ০০.০০০০.০৪৬. ৬৮.০১৭.১৬.১০৮ নম্বর স্মারকে নামজারির সময়সীমা পূর্বের নির্ধারিত ৪৫ কার্যদিবস হতে কমিয়ে ২৮ দিন নির্ধারণ সংক্রান্ত পরিপত্র জারি করা হয়েছে। অনেক জেলায় উক্ত পরিপত্রের নির্দেশনা প্রতিপালনে নিবিড়ভাবে মনিটরিং করা হচ্ছে না বিধায় অনিষ্পন্ন মামলার সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে যা আদৌ কাম্য নয়।

০৩। উপর্যুক্ত প্রেক্ষাপটে নিম্নবর্ণিত শর্ত অনুসরণপূর্বক নিম্নোল্লিখিত ছক মোতাবেক তাঁর জেলার সকল সহকারী কমিশনার (ভূমি)-এর নিকট বিচারাধীন মিস কেস ও অতিরিক্ত জেলা প্রশাসক পর্যায়ে মিস কেস/আপিল মোকদ্দমার তথ্য পরবর্তী মাসের ০৭ (সাত) তারিখের মধ্যে প্রতিবেদন ভূমি মন্ত্রণালয়ে email:sasadmin2 @minland. gov.bd-এবং ভূমি সংস্কার বোর্ডে email: chairman@lrb.gov.bd-যোগে নিকস ফন্টে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো:

**(ক) উপজেলা পর্যায়ের তথ্য**

| ক্রম | মোট উপজেলা | গত মাসের জের | চলতি মাসে প্রাপ্ত | মোট মামলা | গত মাসে নিষ্পত্তি | ০১ (এক) বছরের উর্দ্ধে পেন্ডিং মামলা | ০২ (দুই) বছরের উর্দ্ধে পেন্ডিং মামলা | ০৩ (তিন) বছরের উর্দ্ধে পেন্ডিং মামলা | নিষ্পত্তির লক্ষ্যে গৃহীত কার্যক্রম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |

**(খ) জেলা পর্যায়ের তথ্য**

| ক্রম | গত মাসের জের | চলতি মাসে প্রাপ্ত | মোট মামলা | গত মাসে নিষ্পত্তি | ০১ (এক) বছরের উর্দ্ধে পেন্ডিং মামলা | ০২ (দুই) বছরের উর্দ্ধে পেন্ডিং মামলা | ০৩ (তিন) বছরের উর্দ্ধে পেন্ডিং মামলা | নিষ্পত্তির লক্ষ্যে গৃহীত কার্যক্রম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |

০৪। **শর্তাবলি:**

(ক) সপ্তাহে অন্তত ০১ (এক) দিন সর্বোচ্চ সংখ্যক মিস কেস শুনানির জন্য নির্ধারণ করা;

(খ) স্বল্পতম সময়ের বিরতিতে শুনানির তারিখ ধার্য করা;

(গ) ধার্যকৃত তারিখে প্রকাশ্যভাবে রায় ঘোষনা করা;

(ঘ) জেলা ও উপজেলা পর্যায়ে নির্ধারিত সভার দিনে মামলার শুনানির তারিখ না রাখা;

(ঙ) মামলা শুনানির দিন প্রশাসনিক অন্যান্য কার্যক্রম যথাসম্ভব কম রাখা;

(চ) অনিবার্য কারণবশত: তারিখ পরিবর্তনের প্রয়োজনে দীর্ঘসূত্রতা পরিহার করে যথাসম্ভব পরবর্তী কর্মদিবসে তারিখ নির্ধারণ করা;

(ছ) ই-রেজিস্ট্রার প্রবর্তণের মাধ্যমে মিস কেসসমূহের মনিটরিং ব্যবস্থা চালু করা;

(জ) অনিবার্য কারণবশত: মিস কেস মোকদ্দমার শুনানি নেয়া সম্ভব না হলে সংশ্লিষ্ট সকল পক্ষকে যথাসময়ে অবহিত করা;

(ঝ) মামলার কজ লিস্ট (cause list) ওয়েব সাইটে প্রকাশ করা;

(ঞ) ভূমি রাজস্ব সম্মেলনে বিষয়টি অন্তর্ভুক্ত করে আলোচনার ব্যবস্থা রাখা; এবং

(ট) পরিদর্শন/দর্শনকালে কিছু কিছু নথি পরীক্ষা করে প্রয়োজনীয় পরামর্শ প্রদান।

০৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোঃ মাকছুদুর রহমান পাটওয়ারী
সচিব
ভূমি মন্ত্রণালয়
ফোন নম্বর:+৮৮-০২-৯৫৪৫১৩১
ফ্যাক্স নম্বর: ০২-৯৫৪০০২৫
ই-মেইল: secretary@minland.gov.bd

বিতরণ:

০১। জেলা প্রশাসক.........................................................(সকল)।

অনুলিপি:

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।

০২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড/ভূমি আপিল বোর্ড, ঢাকা।

০৩। বিভাগীয় কমিশনার......................(সকল)।

০৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)..................................(সকল)।

০৫। উপজেলা নির্বাহী অফিসার.............................................(সকল)।

০৬। সহকারী কমিশনার (ভূমি)..............................................(সকল)।

০৭। সহকারী কমিশনার (ভূমি).......................................রাজস্ব সার্কেল।